



????? ???? ?????

যেদিন ক্লাস নাইনের প্রথম সাময়িক পরীক্ষায় গর্বের সহিত ফিজিক্স আর হাইয়ার ম্যাথে ফেল করলাম.... আঝা তখন খুব মন খারাপ করে বলেছিলো বাবা একটা ফাইনাল ডিসিশান নাও.... তুমি সাইন্সে থাকবা নাকি কর্মাসে শিফট করবা..ঠিক সেদিনও আমি চোয়াল শক্ত করে বলেছিলাম না সাইন্সেই থাকবো।

বাবাকে দেয়া সেই কথাটার মান রাখতে আমি খেটেছিলাম.... ভয়াবহ রকমের পরিশ্রমের বিপরীতে বিধাতা আমাকে কখনো নিরাশ করেনাই..

গতবছর বোনের হাইকোর্টের ফাইনাল ভাইবা পরীক্ষার আগের রাতে দেখলাম ও খুব আপসেট..... ওর সাথে যতজন নাকি আগেরদিন পরীক্ষা দিয়েছে তাদের প্রায় সবাই ভাইভায় ফেল কনফার্ম..... আমাকে বোন তখন প্রশ্ন করলো এতো পড়ে তাহলে লাভটা কি????

আমি বেশ হেসে সেদিন আপুকে একটা কথা বলেছিলাম... তুমি যদি সত্য মনে নিজের সর্বোচ্চ টা দিয়ে চেষ্টা করে যাও তবে মনে রাখবা বিধাতা কখনো তোমাকে ঠকাবে না..... খেয়াল করে দেখবা রাস্তায় যে লোকটি ভিক্ষা করে সে তার জীবনে ভালো কিছু করার চেষ্টাই করেনি.... নেটের কল্যাণে আমি দেখেছি হাত-পা নাই এমন মানুষও গুগলে জব করে দিব্যি বউ পালাপান দিয়ে বেশ সুখে আছে.... তোমার কি আছে কিংবা কি নাই... এটা বড় ম্যাটার না.... তোমার যাই থাকুক না কেন... তা দিয়েই তুমি কি কি করতে পারো সেটাই ইম্পরট্যান্ট..... একটা সাধারণ মোমবাতি জ্বালিয়ে অন্ধকার ঘরকে যেমন আলোকিত করা যায়.... তেমনি এই মোমবাতি দিয়ে আগুন লাগিয়ে ঘরের সবকিছু ছাড়-খার ও করে দেয়া যায়.....

লেখাটার শেষ করি সেই ভাইবা বোর্ডে আপুর কিছু মজার এক্সপিরিয়েন্স দিয়ে..... অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম থেকে শুরু করে হেন কেউ নাই যারা সেদিনের ভাইবা বোর্ডে উপস্থিত ছিলেন না.... তাদের মতো হাই প্রোফাইলের এতজন মানুষের সামনে ভাইবা দেয়াটা মোটেও সহজ কিছু ছিলনা.....

কিন্তু বললাম না তুমি যদি সত্য মনে পরিশ্রম করো তবে সিচুয়েশান যতো কঠিনই হোক বিধাতা কখনো তোমাকে নিরাশ করবেন না..... আপুর ভাইবা বোর্ডের পুরো ঘটনা লেখা সম্ভব না হলেও ওর প্রথম প্রশ্ন ছিলো তোমার নামতো মুনমুন.... সো নাউ টেল আস সামথিং অ্যাবাউট মুনমুন সেন!!!!

আমার বোনের আস্থা ছিলো নিজের উপর, নিজের পরিশ্রমের উপর.... ফলশ্রুতিতে তাইতো বেশ সহজেই সেদিনের বোর্ডে পাশ করে আজ মাথা উঁচু করে গলায় সাদা টাইটা বেধে আমার বোন হাইকোর্টে যায় ...

এজগতে তাই সবই সম্ভব যদি তুমি বিশ্বাস করো..... খেয়াল করে দেখবা যারা তোমাকে বলবে তুমি পারোনা কিংবা পারবেনা.... তারা নিজেরাই জীবনে কোন না কোনভাবে সেই কাজটায় খুব বাজেভাবে ব্যার্থ..... জীবনের এই লং রেসে

জিতলে হলে তাই সত্য মনে পরিশ্রম করো, দিনরাত এক করে খাটতে থাকো.... তোমার সবকটা বাধা কিংবা প্রতিবন্ধকতা কে বুড়ো আঙুল দিয়ে ভুল প্রমাণ করে দেখিয়ে দাও..... একটা কথা আমি খুব দৃঢ়মনে সবাইকে বলে বেড়াই..... "Your dedications are your best Inspiration"